



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জৈন্তাপুর, সিলেট।
www.jaintiapur.sylhet.gov.bd



স্মারক নং : ০৫.৪৬.৯১৫৩.০০০.০৯.০০১.১৯. ৫৭১

তারিখ : ২৫ জুন ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শন কে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো;

প্রতিযোগিতার নিয়মাবলী

- ভিডিওটি প্রস্তুত করে মেইল/ পেন ড্রাইভ/ ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- মোবাইলে ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়ি ভাবে (১৬ : ৯ অনুপাত) করতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর (সহকারী প্রোগ্রামার-০১৭১৪-২১৩১৭৮), ইমেইল : unojaintapur.syl@gmail.com;

অনুরোধক্রমে

(আল-বশিরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

ফোন- ০২৯৯৬৬৪৪৩৬৯(অফিস)
ইমেইল- unojaintapur.syl@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে :

০১। জেলা প্রশাসক, সিলেট

০২। উপজেলা চেয়ারম্যান, জৈন্তাপুর, সিলেট

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৩। উপজেলা কর্মকর্তা, জৈন্তাপুর, সিলেট

০৪। চেয়ারম্যান..... ইউপি (সকল), জৈন্তাপুর, সিলেট

০৪। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার..... কলেজ/ উচ্চ বিদ্যালয়, মাদ্রাসা/ প্রাথমিক বিদ্যালয়,
জৈন্তাপুর, সিলেট

০৫। সভাপতি/ সম্পাদক, জৈন্তাপুর প্রেসক্লাব/ অনলাইন প্রেসক্লাব, জৈন্তাপুর, সিলেট

০৬। জনাব

০৭। অফিস নথি